গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।
ফোন ঃ ০২৯৯৬৬০০৭২৬, ইমেইল- sgovc@yahoo.com
ওয়েবসাইট : www.sugc.edu.bd

তারিখঃ ২৬/০১/২০২৫ খ্রিস্টাব্দ

# ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির জন্য অনলাইনে প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদদ্বারা জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সুনামগঞ্জ সরকারি কলেজে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তির জন্যে অনলাইনে প্রাথমিক আবেদন **২১ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪ টা থেকে শুরু হয়ে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ রাত ১২ টা পর্যন্ত চলবে।** আগ্রহী প্রার্থীগণ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট **(www.nu.ac.bd/admissions) Honours Admission Guideline** এ গিয়ে আবেদন প্রক্রিয়া সম্পাদন করতে পারবে।

**সুনামগঞ্জ সরকারি কলেজে ভর্তির জন্যে আবেদন করতে আগ্রহীদের উদ্দেশ্যে কিছু তথ্য নিচে উল্লেখ করা হলোঃ**

১। স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তির জন্যে আবেদনকারীর ন্যূনতম যোগ্যতাসহ সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক (www.nu.ac.bd/admissions) ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। অনলাইনে আবেদন করার সময় সকল আবেদনকারীকে অবশ্যই সঠিক মোবাইল নম্বর (নিজের বা অভিভাবকের নম্বর, পরবর্তীতে যোগাযোগের ক্ষেত্রে ব্যবহৃত হবে) আবেদনপত্রে প্রদান করতে হবে। আবেদন প্রক্রিয়া সম্পন্ন করার পর, আবেদনকারীকে সোনালী ব্যাংক অনলাইন পেমেন্ট সিস্টেমের মাধ্যমে ৭০০/- (সাতশত) টাকা জমা দিয়ে জমার রশিদ ও আবেদনপত্রের একটি কপি নির্ধারিত সময়ের মধ্যে কলেজে জমা দিতে হবে।

**স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি - সোনালী ব্যাংক অনলাইন পেমেন্ট সিস্টেম / সোনালী ই-সেবা ব্যবহারের পদ্ধতিঃ**

সুনামগঞ্জ সরকারি কলেজের বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থী / ভর্তিচ্ছুদের আর্থিক লেনদেন সোনালী বিল পেমেন্ট সিস্টেম / সোনালী ই-সেবা অ্যাপ এর মাধ্যমে সম্পাদিত হয়। এই সেবার মাধ্যমে শিক্ষার্থী / ভর্তিচ্ছুরা যেকোন মোবাইল ওয়ালেট (বিকাশ / নগদ / রকেট) অথবা কার্ড (ভিসা / মাস্টার / এমেক্স / ডিবিবিএল নেক্সাস) এবং সোনালী ব্যাংক একাউন্ট হতে বিভিন্ন প্রকার ফি প্রদান করতে পারবে।

**সোনালী ব্যাংক অনলাইন পেমেন্ট সিস্টেমঃ**

২.১.. (https://sbl.com.bd:7070) লিংকে ক্লিক করে সোনালী ব্যাংক অনলাইন পেমেন্ট সিস্টেম পেইজে যেতে হবে ।

২.২. জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফি জমা দেয়ার জন্য NU Aplication Fees আইকনে ক্লিক করে Fee Payment পেইজে যেতে হবে।

২.৩. জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রথমবার আবেদনকারীরা Apllication Fee আইকনে ক্লিক করে Apllication Fee Collection পেইজে যেতে হবে। এরপর

ক) Honours সিলেক্ট করতে হবে।

খ) কলেজ ড্রপডাউন অপশন থেকে Sunamgonj Govt. College সিলেক্ট করতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ফরম এ প্রদত্ত অ্যাডমিশন রোল সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

ঘ) এরপর শিক্ষার্থীর নাম (ইংরেজি সঠিক বানান) ও ব্যক্তিগত (নিজের বা অভিভাবকের) ফোন নম্বর এন্ট্রি দিতে হবে।

ঙ) Next এ ক্লিক করে পরের পেইজে সকল তথ্য ঠিক আছে কিনা যাচাই করে Next ক্লিক করে Payment Method পেইজে যাবে এবং সোনালী ব্যাংক / কার্ড / মোবাইল ব্যাংকিং / একাউন্ট ট্রান্সফার এর যে কোন একটি অপশন ব্যবহার করে

**সোনালী ই-সেবা অ্যাপের মাধ্যমে (ফোন/ট্যাব এর ব্যবহার করে):**

Sonali eSheba অ্যাপটি ফোন বা ট্যাবে ইন্সটল করতে হবে। এরপর অ্যাপ এ প্রবেশ করে উপরে বর্ণিত ধাপ ২.২. থেকে ২.৩.( ক-ঙ) পর্যন্ত অনুসরণ করে পেমেন্ট সম্পন্ন করতে হবে ।

৩। আবেদনকারী শিক্ষার্থীগণ সরকারি/সাপ্তাহিক ছুটি ব্যতীত আগামী **২৭/০১/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ হতে ২৮/০২/২০২৫ খ্রিস্টাব্দ** তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০:০০ টা হতে দুপুর ০২:০০ টা পর্যন্ত অত্র কলেজের **ইতিহাস বিভাগে** আবেদনের কপি জমা দিতে পারবে।

৪। বীর মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে আবেদনের সময় তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্যে প্রযোজ্য কোটা Select করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মূলসনদের ফটোকপিসহ আবেদনকারীকে কলেজে আবেদনপত্রটি জমা দিতে হবে।

৫ । ভর্তির জন্য প্রাথমিক আবেদনপত্রটি কলেজ নিশ্চায়ন করবে, যা আবেদনকারীগণ তাদের মোবাইল ফোনে SMS এর মাধ্যমে জানতে পারবে। আবেদনপত্রটি কলেজে জমা দেওয়ার পরেও কোন কারণে ০১/০৩/২০২৫ খ্রিস্টাব্দ রাত ১২টার মধ্যে নিশ্চায়নের SMS না পেলে সংশ্লিষ্ট আবেদনকারীকে অবশ্যই ০২/০৩/২০২৫ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১০:০০ টা হতে দুপুর ০২:০০ টার মধ্যে ভর্তি সংক্রান্ত দায়িত্বে নিয়োজিত **বাংলা বিভাগের শিক্ষক জনাব মোঃ জাকির হোসেন, সহকারী অধ্যাপক-কে বিষয়টি জানাতে হবে।** অন্যথায়, সৃষ্ট জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষকে দায়ী করা যাবেনা ।

৬। সুনামগঞ্জ সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বিষয়ওয়ারী আসন সংখ্যা নিম্নরূপঃ

| বিভাগ | আসন সংখ্যা | বিভাগ | আসন সংখ্যা |
|---|---|---|---|
| বাংলা | ১০০ | অর্থনীতি | ১৩০ |
| ইংরেজি | ১০০ | হিসাববিজ্ঞান | ১৬৫ |
| ইতিহাস | ১০০ | ব্যবস্থাপনা | ১৪০ |
| দর্শন | ১০০ | উদ্ভিদবিজ্ঞান | ১৫০ |
| রাষ্ট্রবিজ্ঞান | ১০৫ | গণিত | ১৫০ |

৭। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের (MCQ) পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহন করা হবে। (MCQ) পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ০১ (এক) ঘন্টা সময়ের মধ্যে দিতে হবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে শিক্ষার্থীদের SSC পরীক্ষায় প্রাপ্ত GPA এর ৪০% ও HSC পরীক্ষায় প্রাপ্ত GPA এর ৬০% যোগ করে সর্বমোট ২০০ নম্বরের মধ্যে মেধা তালিকা প্রস্তুত করা হবে। পরবর্তীতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করে শিক্ষার্থীদের বিষয় বরাদ্দ দেয়া হবে।

কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটে Aplicant Login অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

৮। সুনামগঞ্জ সরকারি কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তি বিষয় সংক্রান্ত তথ্যের জন্যঃ জনাব রাশেদ মিয়া, অফিস সহায়ক (**ইতিহাস**), মোবাইল: **০১৭৪২-৫৫৬৮৫১,** (সকাল ১০টা-বিকাল ০২টা)

**** ভর্তি সংক্রান্ত যেকোন বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত/নীতিমালা/নির্দেশনা চূড়ান্ত বলে গণ্য হবে ।**

প্রতিস্বাক্ষর,

২৬.০১.২০২৫ খ্রিঃ

অধ্যক্ষ
সুনামগঞ্জ সরকারি কলেজ
সুনামগঞ্জ।

২৬.০১.২০২৫

আহবায়ক
স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি কমিটি
(শিক্ষাবর্ষ ঃ ২০২৪-২০২৫)
সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ।